ঝিনাইদহে বিএম সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের বেসরকারি উন্নয়ন সংস্থা আশার ব্রাঞ্চ ম্যানেজারদের নিয়ে এসএমএপি প্রকল্পের আওতায় টিএসএস পরিকল্পনা বাস্তবায়নের জন্য দিন ব্যাপী বিএম সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার জেলা শহরের এইড কমপ্লেক্সের কনফারেন্স রুমে আশার ডিস্ট্রিক ম্যানেজার হাফিজুর রহমানের সভাপতিত্বে বিএম সভায় প্রধান অতিথি ছিলেন আশার ডেপুটি ডিরেক্টর (কৃষি) মোঃ খুরশীদ আলম। এছাড়াও উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের ডপুটি ডিরেক্টর (কৃষি উইং) আবু সাঈদ, সদরের ব্রাঞ্চ ম্যানেজার আবু সামা প্রমুখ। অনুষ্ঠানে প্রশিক্ষক ছিলেন ঝিনাইদহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক ষষ্টি চন্দ্র রায় ও জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ সুব্রত কুমার।

প্রশিক্ষণে বাংলাদেশের কৃষিতে আধুনিক প্রযুক্তির সম্ভাবনা ও ব্যাবহার গাভী পালনে বাসস্থান খাদ্য ব্যাবস্থাপনা, পোল্টি খামার ব্যাবস্থাপনা, মাশরুম চাষ, বায়োগ্যাশ, ভার্মি কম্পোষ্ট, কৃষি বিষয়ক ওয়েবসাইট সহ ৩১ জন ব্রাঞ্চ ম্যানেজরাবৃন্দ কৃষকদের কি ভাবে সমস্যার সমাধান দিবে সেই বিষয়ে আলোচনা হয়।